উপ-পরিচালক (প্ল্যানিং/রিসার্চ)
প্রকল্প পরিচালক (নয়টি উপজেলা)
প্রকল্প পরিচালক (পায়রা-কুয়াকাটা)
প্রকল্প পরিচালক (কুষ্টিয়া)
সিনিয়র জিওগ্রাফার (রিসার্চ)
সিনিয়র প্ল্যানার (টাঃ প্ল্যা)/(রিঃ প্ল্যা)
সিনিয়র প্ল্যানার (থাঃ সেঃ প্ল্যাঃ-১)/(থাঃ সেঃ প্ল্যাঃ-২)
সিনিয়র প্ল্যানার (ট্রাঃ সেঃ প্ল্যাঃ সেঃ)/(আঃ প্ল্যা)
সহকারী প্রকৌশলী (সার্ভে)/স্টোর
হিসাব রক্ষণ কর্মকর্তা
প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত সহকারী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohpw.gov.bd

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০১৫.৯৯.০৪৩.৯৬(অংশ-২)-৫৮১

তারিখ : ১৯ শ্রাবণ ১৪২৯ / ০৩ আগস্ট ২০২২

**বিষয়: জাতীয় শোক দিবস, ২০২২ পালন উপলক্ষ্যে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৫ আগস্ট ২০২২ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের কর্মসূচি চূড়ান্তকরণের নিমিত্ত গত ০১ আগস্ট ২০২২ তারিখ এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার অনুমোদিত কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

(অভিজিৎ রায়)
উপসচিব
দুরালাপনী-৯৫১২২৩১

<u>বিতরণ (কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :</u>

১. অতিরিক্ত সচিব, (প্রশাসন অনুবিভাগ)/ (প্রশাসন অনুবিভাগ-২)/ (মনিটরিং অনুবিভাগ)/ (অডিট অনুবিভাগ)/ (উন্নয়ন অনুবিভাগ-১)/ (উন্নয়ন অনুবিভাগ-২)/ (আইন উপদেষ্টা), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৩. চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক, ঢাকা।
৪. চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
৫. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৬. পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. বিভাগীয় কমিশনার, ঢাকা ও সভাপতি, পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৮. চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ/ খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ/ রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ/ কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ।
৯. যুগ্মসচিব (প্রশাসন)/(উন্নয়ন অধিশাখা-৯), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. মহাপরিচালক, এইচবিআরআই, ১২০/৩ দারুস সালাম, মিরপুর রোড, ঢাকা।
১১. সচিবের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. উপসচিব, ১/২/৩/৪/৫/৭/৮/১১/১৩/১৪/১৫/১৭/(পরিকল্পনা)/আইন কর্মকর্তা-১/২, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১৫. রেজিস্ট্রার, ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুনবাগিচা, ঢাকা।
১৬. সিনিয়র সহকারী সচিব, ৬/১০/১২/১৬, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সিনিয়র সহকারী সচিব/নির্বাহী প্রকৌশলী, (পরিকল্পনা শাখা-১/২/৩), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৯. পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. প্রোগ্রামার, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১. হিসাবরক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২. সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohpw.gov.bd

বিষয় : আগামী ১৫ আগস্ট ২০২২ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে এ মন্ত্রণালয়ের কর্মসূচি চূড়ান্তকরণ বিষয়ক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ শহীদ উল্লা খন্দকার, সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

তারিখ ও সময় : ০১ আগস্ট ২০২২; বিকাল ০৪.০০ টা।

স্থান : গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (ভবন নম্বর: ০৫, কক্ষ নম্বর: ২০৪) ও Zoom Apps এর মাধ্যমে ভার্চুয়াল সভা।

সভার প্রারম্ভে সভাপতি সভায় অংশগ্রহণকারী এ মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা এবং Zoom Apps এর মাধ্যমে সংযোগকৃত দপ্তর/সংস্থার প্রধানসহ এবং অন্যান্য কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি স্বাধীনতার স্বপ্নদ্রষ্টা, স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ আগস্ট ১৯৭৫ সালে নারকীয় হত্যাকান্ডে যাঁরা শহীদ হয়েছিলেন তাঁদের আত্মার মাগফিরাত কামনা করেন। তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণসহ যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে দিবসটি পালনে এ মন্ত্রণালয়ের কর্মসূচি বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। আগামী ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস, ২০২২ যথাযথ মর্যাদায় পালনের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচিতে এ মন্ত্রণালয় সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়ন এবং জাতীয় শোক দিবসের সাথে সঙ্গতি রেখে নিম্নরূপভাবে বিস্তারিত কর্মসূচি গৃহীত হয়ঃ

| ক্রম | ১৫ আগস্ট ২০২২ উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গৃহীত মূল কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। | ১৫ আগস্ট ২০২২ তারিখ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং এর আওতাধীন সকল দপ্তর/সংস্থার ভবনসমূহে সঠিক মাপ এবং রং অনুযায়ী নতুনভাবে তৈরিকৃত জাতীয় পতাকা বিধি অনুযায়ী অর্ধনমিত রাখতে হবে। পতাকা সঠিকভাবে সঠিক সময়ে উত্তোলনের জন্য মন্ত্রণালয়সহ সকল দপ্তর/সংস্থায় ০১ (এক) জন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করতে হবে। | **গৃহায়ন ও গণপ মন্ত্রণালয় ও আওতাধীন সব দপ্তর/সংস্থা** |
| ০২. | **সকাল ৬.৩০ ঘটিকায় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ, সশস্ত্র বাহিনী কর্তৃক অনার গার্ড প্রদান এবং মোনাজাত।**<br><br><u>সহায়ক কার্যক্রম</u><br><br>গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখস্থ জাতির পিতার প্রতিকৃতি সংস্কার (প্রয়োজন অনুযায়ী), সম্মুখস্থ রাস্তায় ত্রিপলসহ প্যান্ডেল তৈরি, আসন ব্যবস্থা, স্পট/ফ্লাড/অন্যান্য লাইট স্থাপন, অনুষ্ঠানস্থলে পর্যাপ্ত সংখ্যক ফ্যানের ব্যবস্থা, দেয়াল ও গ্রীল রংকরণ, অনুষ্ঠানস্থল যথাযথভাবে সজ্জিতকরণ, মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর জন্য পুষ্পস্তবক সরবরাহ এবং প্রতিকৃতি সংলগ্ন ফোয়ারায় পানি প্রবাহের মটর চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখস্থ জাতির পিতার প্রতিকৃতি সংস্কার (প্রয়োজন অনুযায়ী), সম্মুখস্থ রাস্তায় ত্রিপলসহ প্যান্ডেল তৈরি, আসন ব্যবস্থা, স্পট/ফ্লাড/অন্যান্য লাইট স্থাপন, অনুষ্ঠানস্থলে পর্যাপ্ত সংখ্যক ফ্যানের ব্যবস্থা, দেয়াল ও গ্রীল রংকরণ, অনুষ্ঠানস্থল যথাযথভাবে সজ্জিতকরণ, মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর জন্য পুষ্পস্তবক সরবরাহ এবং প্রতিকৃতি সংলগ্ন ফোয়ারায় পানি প্রবাহের মটর চালু রাখতে হবে। এ বিষয়ে ধানমন্ডি ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের কিউরেটর মহোদয়ের সাথে যোগাযোগ করে নিতে হবে। | গণপূর্ত অধিদপ্তর |

| ক্রম | ১৫ আগস্ট ২০২২ উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গৃহীত মূল কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০৩. | **১৫ আগস্ট ১৯৭৫ তারিখে শাহাদত বরণকারী জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ ও অন্যান্য শহীদদের কবরে (ঢাকার বনানী কবরস্থানে) সকাল ৭.৩০ ঘটিকায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক ও ফুলের পাঁপড়ি অর্পণ এবং ফাতেহা পাঠ ও মোনাজাত।**<br><br>সহায়ক কার্যক্রম:<br><br>গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় প্রয়োজনীয় পুষ্পস্তবক ও ফুলের পাঁপড়ি সরবরাহ করবে। | ১৫ আগস্ট ১৯৭৫ তারিখে শাহাদত বরণকারী জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ ও অন্যান্য শহীদদের কবরে (ঢাকার বনানী কবরস্থানে) সকাল ৭.৩০ ঘটিকায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক ও ফুলের পাঁপড়ি সরবরাহ নিশ্চিত করতে হবে। | গণপূর্ত অধিদপ্তর/প্রধান বৃক্ষপালনবিদ, আরবরিকালচার গণপূর্ত বিভাগ |
| ০৪. | **১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার সকাল ১০.০০ ঘটিকায় গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে ফাতেহা পাঠ, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ, সশস্ত্র বাহিনী কর্তৃক অনার গার্ড প্রদান এবং মোনাজাত।**<br><br>সহায়ক কার্যক্রম:<br><br>গণপূর্ত বিভাগ অনুষ্ঠানস্থলের সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্নতাসহ প্রয়োজনীয় সংস্কারের ব্যবস্থা করবে। | ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার সকাল ১০.০০ ঘটিকায় গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে ফাতেহা পাঠ, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ ও মোনাজাত এর ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিসৌধ এবং সমাধিসৌধ প্রাঙ্গণে যাবতীয় পরিষ্কার-পরিচ্ছন্নতা ও সাজ-সজ্জা এবং পুষ্পস্তবক তৈরিসহ অন্যান্য সকল প্রস্তুতিমূলক কাজ সম্পন্ন করতে হবে। | গণপূর্ত অধিদপ্তর |
| ০৫. | সোহরাওয়ার্দী উদ্যানে স্থাপিত স্বাধীনতা স্তম্ভ ও মুক্তিযুদ্ধ জাদুঘরের আশেপাশের এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা এবং স্বাধীনতা স্তম্ভ ও মুক্তিযুদ্ধ জাদুঘর শিক্ষার্থী ও দর্শনার্থীদের জন্য বিনামূল্যে পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | সোহরাওয়ার্দী উদ্যানে স্থাপিত স্বাধীনতা স্তম্ভ ও মুক্তিযুদ্ধ জাদুঘরের আশেপাশের এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | গনপূর্ত অধিদপ্তর |
| ০৬. | জেলা ও উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদার সঙ্গে জাতীয় শোক দিবস পালনের জন্য আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন এবং জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। জেলা ও উপজেলা প্রশাসন আয়োজিত অনুষ্ঠানসমূহে সরকারি কর্মকর্তাগণের উপস্থিতি আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে। সকল মন্ত্রণালয়/বিভাগ অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাগণকে সক্রিয় অংশগ্রহণ ও উপস্থিতি নিশ্চিত করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে। | জেলা ও উপজেলা পর্যায় যথাযোগ্য মর্যাদার সঙ্গে জাতীয় শোক দিবস পালনের জন্য আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন এবং জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। জেলা ও উপজেলা প্রশাসন আয়োজিত অনুষ্ঠানসমূহে সরকারি কর্মকর্তাগণের উপস্থিতি আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে। এ মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাগণকে সক্রিয় অংশগ্রহণ ও উপস্থিতি নিশ্চিত করার জন্য দপ্তর/সংস্থার প্রধানগণ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল দপ্তর/সংস্থা |
| ০৭. | জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে মন্ত্রণালয়/বিভাগসমূহ স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে এবং অধীনস্থ সংস্থা ও দপ্তরে উক্ত কর্মসূচি পালন নিশ্চিত করবে। সকল মন্ত্রণালয়/বিভাগ জুলাই/২০২২ মাসে একটি প্রস্তুতিমূলক সভা এবং আগস্ট/২০২২ মাসের প্রথম সপ্তাহে ফলো-আপ সভা করবে। | জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে এবং অধীনস্থ সংস্থা ও দপ্তরে উক্ত কর্মসূচি পালন নিশ্চিত করবে। সকল দপ্তর/সংস্থা আগস্ট/২০২২ মাসের প্রথম সপ্তাহে ফলো-আপ সভা করবে। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল দপ্তর/সংস্থা |

| ক্রম | ১৫ আগস্ট ২০২২ উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গৃহীত মূল কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০৮. | সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে জাতীয় শোক দিবসের সকল কর্মসূচি বাস্তবায়ন করতে হবে। | জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে মন্ত্রণালয়/দপ্তর/সংস্থাসমূহ স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে সকল কর্মসূচি পালন করবে। | গৃহায়ন ও গণ[illegible] মন্ত্রণালয় ও [illegible] আওতাধীন সব[illegible] দপ্তর/সংস্থা |
| ০৯. | **বিবিধ:**<br>১) বর্ষাকাল বিবেচনায় রেখে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের চাহিদানুযায়ী প্যান্ডেল প্রস্তুতকরণ এবং প্যান্ডেল স্থলে মেডিকেল টিম, মিডিয়া ও অন্যান্যদের ব্যবহারের জন্য ন্যূনতম ০৬ (ছয়)টি মিনি স্টল নির্মাণকরণ।<br>২) ধানমন্ডির ৩২ এ অনুষ্ঠেয় কর্মসূচি সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় মনিটরিং ও সমন্বয় কমিটির সিদ্ধান্ত যথাযথভাবে অনুসরণ নিশ্চিত করতে হবে।<br>৩) বনানী কবরস্থানে অনুষ্ঠেয় কর্মসূচি সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় মনিটরিং ও সমন্বয় কমিটির সিদ্ধান্ত যথাযথভাবে অনুসরণ নিশ্চিত করতে হবে।<br>৪) জাতীয় শোক দিবস উপলক্ষ্যে স্ব-স্ব দপ্তর/সংস্থা শোক দিবসের ব্যানার, ফেস্টুন, ড্রপ ওয়াল এবং সংযোগ সেতুতে ০১টি করে বঙ্গবন্ধুর ছবি সম্বলিত ব্যানার দিতে হবে।<br>৫) মন্ত্রিপরিষদ বিভাগ থেকে বিভিন্ন সময়ে প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন। | ক) কর্মসূচি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>খ) ১৫ আগস্ট ২০২২ উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বিভিন্ন সময়ে প্রদত্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | গণপূর্ত অধিদপ্তর |

০১/০৮/২২

(মোঃ শহীদ উল্লা খন্দকার)
সচিব